সংবাদ

তারিখ ... AUG. 1 1 2006

পৃষ্ঠা ১১ কলাম ২


আরডিসি ও একশন এইডের কর্মশালা

# আদিবাসীদের মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা চালু করুন

নিজস্ব বার্তা পরিবেশক

বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষে আয়োজিত কর্মশালায় আলোচকরা বলেছেন, বিশ্বে ৬৯ শতাংশ আদিবাসী শিক্ষার অধিকার থেকে

বেশি। যার কারণে চাকরির ক্ষেত্রে আদিবাসীদের জন্য কোটা নির্ধারণ থাকলেও তা পূরণ করা সম্ভব হয় না। দিনব্যাপী এ কর্মশালায় আলোচকরা আদিবাসীদের মধ্যে শিক্ষার হার বাড়াতে আদিবাসীদের

মাতৃভাষায় : আদিবাসীদের

(১২ পৃষ্ঠার পর)

মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা চালু করার পরামর্শ দিয়েছেন।

রাজধানীর বিয়াম মিলনায়তনে গতকাল বৃহস্পতিবার রিসার্স অ্যান্ড ডেভেলপমেন্ট কালেকটিভ (আরডিসি) ও একশন এইড বাংলাদেশ যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে। 'আদিবাসী মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা' শীর্ষক এ কর্মশালার উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সভাপতি ও পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা)। প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এসএমএ ফায়েজ। আলোচক ছিলেন জাতীয় আদিবাসী পরিষদের প্রধান উপদেষ্টা ফজলে হোসেন বাদশা, একশন এইডের কর্মকর্তা টিআইএম জাহিদ হোসেন, আদিবাসী অধিকার আন্দোলনের আহ্বায়ক অধ্যাপক মেসবাহ কামাল প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ড. এসএমএ ফায়েজ বলেন, দেশের কোন একটি জনগোষ্ঠী পিছিয়ে পড়লে সারাদেশ পিছিয়ে পড়বে। তিনি বলেন, আদিবাসীদের ভাষাসহ অন্য ভাষাগুলোকে মূল্যায়ন করতে পারলে বাঙালি হিসেবে আমাদের মর্যদা বাড়বে। তিনি আদিবাসীদের ভাষাকে মূল্যায়ন করে তাদের মায়ের ভাষায় অন্তত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার আহ্বান জানান।

বৈঠকে সন্তু লারমা বলেন, যেখানে সেনা শাসন চলে সেখানে কোন শিক্ষাই থাকতে পারে না। পার্বত্য চট্টগ্রামে এখনও সেনা শাসন চলছে। পার্বত্য এলাকা ও সমতলে প্রতিদিনই আদিবাসীরা বাস্তহারা হচ্ছে।